রুরাল পাওয়ার কোম্পানী লিঃ
বাড়ী#১৯, রোড #১/বি
সেক্টর#০৯, উত্তরা, ঢাকা।

**বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের অক্টোবর , ২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

বিদ্যুখস মন্ত্রনালয়ের বিদ্যুৎ বিভাগের নির্দেশনা এবং মন্ত্রীপরিষদ বিভাগের প্রজ্ঞাপন (০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮) অনুযায়ী রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড এর ইনোভেশন টিমের অক্টোবর , ২০১৮ মাসের মাসিক সভা ২২/১০/২০১৮ ইং তারিখ রোজ সোমবার বেলা ১২.০০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব মোঃ সেলিম ভুঁইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আরপিসিএল এর ইনোভেশন টিমের সদস্যগন উপস্থিত ছিলেন(উপস্থিতির তালিকা সংযুক্ত)। এছাড়াও উক্ত সভায় আরপিসিএল এর ৩টি বিদ্যুৎ কেন্দ্রের (ময়মনসিংহ ,গাজীপুর, রাউজান) ইনোভেশন টিমের সদস্যগণ ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অংশগ্রহন করেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোকপাত করা হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | বার্ষিক কর্মপরিকল্পনার উপর আলোচনা | মন্ত্রণালয় নির্দেশিত ছক মোতাবেক আরপিসিএল এর ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | নতুন অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তদের আরও সক্রিয় ভূমিকা পালনের পাশাপাশি উদ্ভাবকগণকে কর্মপরিকল্পনা অনুসারে যথাসময়ে প্রয়োজনীয় কাজ শেষ করার নির্দেশনা প্রদান করা হয়। | সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল |
| ০২ | ইনোভেশন ট্রেইনিং আয়োজন | ইনোভেশন কমিটি সহ অন্যন্য কর্মকর্তাদের "জনসেবায় ইনোভেশন" সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহনের জন্য a2i এর সাথে ইতোমধ্যে যোগাযোগ করা হয়েছে এবং আগামী ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে সম্ভাব্য সময় পাওয়া গেছে মর্মে সভাকে অভিহিত করা হয়। | ১. ময়মনসিংহ পাওয়ার স্টেশন ট্রেইনিং সেন্টারে আগামী ডিসেম্বরের প্রথম সপ্তাহে একটি প্রশিক্ষন আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. a2i এর ইনোভেশন সংশ্লীষ্ঠ প্রশিক্ষকগণ উক্ত প্রশিক্ষন পরিচালনা করবেন।<br>৩. ট্রেইনিং সেল উক্ত প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | ট্রেইনিং সেল, মানব সম্পদ ও প্রশাসন বিভাগ, আরপিসিএল |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | শোকেসিং , রেপ্লিকেশন ও পাইলোটিং | উপ- বিভাগীয় প্রকৌশলী জনাব শহীদুল ইসলাম গত ২১.১০.২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত উদ্ভাবনী উদ্যোগের রেপ্লিকেশন/স্কেলাআপ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার বিস্তারিত তুলে ধরেন। | ১. 'সহজে বিল প্রাপ্তি' আইডিয়াটি বাস্তবায়নের জন্য আরপিসিএল এর বিল সংশ্লিষ্ট কর্মকর্তাগন ছাড়াও সরবারহকারী/ঠিকাদার প্রতিষ্ঠানের সমন্বয়ে দ্রুত একটি কর্মশালার আয়োজন করতে হবে।<br>২. 'সহজেই আইসিটি সেবা' আইডিয়াটি পূনরায় পাইলটিং এর লক্ষ্যে প্রতিটি বিদ্যুৎকেন্দ্রের সংশ্লীষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে কর্মশালার আয়োজন করতে হবে। | শহীদুল ইসলাম (উপ- বিভাগীয় প্রকৌশলী) এবং মোঃ আব্দুল বাতেন ( সহকারী ব্যবস্থাপক) |
| ০৪ | আইডিয়া সংক্রান্ত | আরপিসিএল কর্তৃক গৃহীত আইডিয়াসমূহ পরিকল্পনা অনুযায়ী আগামী ২০১৯ সালের মার্চ মাসের মধ্যে সকল কাজ শেষ করার বিষয়ে আলোচনা করা হয়। | বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত শোকেসিং এ অংশগ্রহণের পূর্বপ্রস্তুতি হিসাবে আগামী মার্চ , ২০১৯ মাসে আরপিসিএল কর্তৃক গৃহীত আইডিয়াসমূহের সমন্বয়ে সদর দপ্তরে একটি ডেমো শোকেসিং আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি বিভাগ,আরপিসিএল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১০/১৮

(মোঃ সেলিম ভূঁইয়া)
ইনোভেশন অফিসার
ও
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) ঃ

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা ।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ- সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রনালয় , ঢাকা। ।
৪. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্রগ্রাম ।
৬. অফিস কপি।

বিতরণ (সদয় কার্যার্থে) ঃ

১. মোহাম্মাদ আশিকুর রহমান ,আরপিসিএ,ঢাকা । আলোচ্যসূচী-০২এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিবেন।
২. শহীদুল ইসলাম (উপ- বিভাগীয় প্রকৌশলী),আরপিসিএ,ঢাকা । আলোচ্যসূচী-০৩ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন নিবেন।
৩. সহকারী ব্যবস্থাপক (আইসিটি),আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-১,৩,৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন,কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ঠ প্রোগ্রামারের ই- মেইলে প্ররণের ব্যবস্থা নিবেন )

অদ্য ২২-১০-২০১৮ তারিখ রোজ সোমবার বেলা ১২:০০ ঘটিকায় ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের নাম ও সাক্ষরঃ

| ক্রঃ নং | নাম, পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | মোঃ সেলিম ভুঁইয়া<br>নির্বাহী পরিচালক, প্রকৌশল,<br>ইনোভেশন অফিসার,ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০২। | প্রলয় কুমার সাহা<br>জেনারেল ম্যানেজার (হিসাব/অর্থ) এবং<br>নির্বাহী পরিচালক, অর্থ (অঃ দাঃ),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৩। | কামাল হোসেন<br>ব্যবস্থাপক (মানব সম্পদ),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৪। | শহীদুল ইসলাম<br>উপ- বিভাগীয় প্রকৌশলী,<br>সদস্য ইনোভেশন কমিটি, আরপিসিএল | |
| ০৫। | মোঃ আব্দুল বাতেন<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |
| ০৬। | মোঃ সারোয়ার জাহান<br>সহকারী ব্যবস্থাপক (আইসিটি),<br>সদস্য ইনোভেশন টিম, আরপিসিএল | |